# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭২]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে বৃত্তাকারে অথবা সাধারণভাবে বসা

## باب الْحِلَقِ وَالْجُلُوسِ فِي الْمَسْجِدِ

আরবী

ـ وعَنْهُ قَالَ: سَأَلَ رَجُلٌ النَّبِيَّ وَهُوَ عَلَى الْمِنْبَرِ: مَا تَرَى فِي صَلاةِ اللَّيْلِ؟ قَالَ مَثنى مَثنَى، فَإِذَا خَشِيَ الصُّبْحَ صَلَّى وَاحِدَةً، فَأَوْتَرَتْ لَهُ مَا صَلَّى. وَإِنَّهُ كَانَ يَقُولُ: اجْعَلُوا آخِرَ صَلاتِكُمْ وِتْرًا، فَإِنَّ النَّبِيَّ صَلَّى أَمَرَ بِهِ. (بخارى:

বাংলা

২৯৩) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর থাকাবস্থায় এক লোক জিজ্ঞেস করল, রাতের নামাযের ব্যাপারে আপনার অভিমত কী? তিনি বললেনঃ দু’দু’রাকআত করে আদায় করবে। নামায পড়তে পড়তে কেউ যখন সকাল হয়ে যাওয়ার আশঙ্কা করবে তখন এক রাকআত (বিতর) পড়ে নিবে। এটি পূর্বে আদায়কৃত সকল নামাযকে বেজোড় করে দিবে। ইবনে উমার (রাঃ) বলতেনঃ তোমরা রাতের নামাযের শেষ নামাযকে বিতরে পরিণত কর। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরূপই আদেশ দিয়েছেন।

টিকাঃ এ হাদীছে এক রাকআত বিতর নামায পড়া জায়েয হওয়ার দলীল পাওয়া গেল।

## English

The religious gathering in circles and sitting in the mosque

Narrated Nafi`:

Ibn `Umar said, "While the Prophet (ﷺ) was on the pulpit, a man asked him how to offer the night prayers. He replied, 'Pray two rak`at at a time and then two and then two and so on, and if you are afraid of the dawn (the approach of the time of the Fajr prayer) pray one rak`a and that will be the witr for all the rak`at which you have offered." Ibn `Umar said, "The last rak`at of the night prayer should be odd, for the Prophet (ﷺ) ordered it to

be so.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন